



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
গাছবাড়ীয়া সরকারি কলেজ, চন্দনাইশ, চট্টগ্রাম



মোবাইল:+৮৮০২৩৩৪৪৫৭৬৭২, E-mail: gachhbariagovt.college@gmail.com, Website : www.ggcc.edu.bd
EIN-104200, NU Code-4346

তারিখ: ১০/০৭/২০২৩ খ্রি:

বিজ্ঞপ্তি

এই কলেজে অধ্যয়নরত সকল শিক্ষার্থীকে জানানো যাচ্ছে যে, সংযুক্ত পত্রের আলোকে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস-২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপজীব্য করে 'আমার চোখে বঙ্গবন্ধু' বিষয়ে ০১ মিনিটব্যাপী ভিডিও প্রস্তুত করে আগামী ১৫ জুলাই ২০২৩ তারিখের মধ্যে রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক ড. কে এম আতিকুর রহমান এর নিকট জমা দেয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

এ বিষয়ে বিজ্ঞপ্তি ও প্রতিযোগিতার নিয়মাবলী সংযুক্ত করা হলো।

(প্রফেসর রনজিৎ কুমার দত্ত)

আইডি নং-২৯৯৫

অধ্যক্ষ

গাছবাড়ীয়া সরকারি কলেজ

চন্দনাইশ, চট্টগ্রাম।

(প্রফেসর রনজিৎ কুমার দত্ত)

আইডি নং-২৯৯৫

অধ্যক্ষ

গাছবাড়ীয়া সরকারি কলেজ

চন্দনাইশ, চট্টগ্রাম।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চন্দনাইশ, চট্টগ্রাম
www.chandanaish.chittagong.gov.bd

স্মারক নং : ০৫.৪২.১৫১৮.৫১৪.৩০.০০১.২৩-৬৩২(১)


তারিখ: ০৩ জুলাই ২০২৩ খ্রি:

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপজীব্য করে 'আমার চোখে বঙ্গবন্ধু' বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার জাতীয় প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। উপজেলার সকল স্কুল/কলেজ ও তদুর্ধ্ব ('ক' গ্রুপ-প্রাথমিক ও সমপর্যায়, 'খ' গ্রুপ-মাধ্যমিক ও সমপর্যায়, এবং 'গ' গ্রুপ-উচ্চ মাধ্যমিক ও সমপর্যায় এবং তদুর্ধ্ব) পর্যায়ের ছাত্র/ছাত্রীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রতিযোগিতার নিয়মাবলী:

- ভিডিও প্রস্তুত করে মেইল/পেন ড্রাইভ/ ড্রাইভ লিংকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার এর নিকট আগামী ১৬ জুলাই ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে, এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে।
- ভিডিওটি ধারণের ক্ষেত্রে যেকোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে।
- ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক।
- ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে।
- ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে।
- কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে।
- ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১ মিনিট হতে হবে।
- ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়।
- ভিডিও-র মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে এবং
- ভিডিও নির্মাণ সংক্রান্ত যেকোন পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে। মোবাইল নং-০১৭৩৩৩৯৯১৯১, ০১৭৫০০১০৯৮০ ই-মেইল-unochandanaish@mopa.gov.bd


০৩/০৭/২৩
মাহমুদা বেগম

উপজেলা নির্বাহী অফিসার
চন্দনাইশ, চট্টগ্রাম
ফোন : ০২৩৩৪৪৫৭৬৬৫


ই-মেইল: unochandanaish@mopa.gov.bd

স্মারক নং : ০৫.৪২.১৫১৮.৫১৪.৩০.০০১.২৩-৬৩২(১)

তারিখ: ০৩ জুলাই ২০২৩ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল:

- ১। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), চট্টগ্রাম।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চন্দনাইশ, চট্টগ্রাম।
- ৪। উপজেলা শিক্ষা অফিসার, চন্দনাইশ, চট্টগ্রাম।
- ৫। অধ্যক্ষ, কলেজ/মাদ্রাসা (সকল), চন্দনাইশ, চট্টগ্রাম।
- ৬। প্রধান শিক্ষক/সুপার, উচ্চবিদ্যালয়/মাদ্রাসা (সকল), চন্দনাইশ, চট্টগ্রাম।
- ৭। প্রধান শিক্ষক, প্রাথমিক বিদ্যালয় (সকল), চন্দনাইশ, চট্টগ্রাম।


০৩/০৭/২৩
উপজেলা নির্বাহী অফিসার
চন্দনাইশ, চট্টগ্রাম